

জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ট্যাবলেট বিতরণ সংক্রান্ত রংপুর জেলা কমিটির সভার কার্যবিবরণী


সভাপতি : ড. চিত্রলেখা নাজনীন
জেলা প্রশাসক, রংপুর
সভার তারিখ ও সময় : ১৩-০৩-২০২৩ খ্রি. বিকেল ৩:৩০ ঘটিকা
সভার স্থান : জেলা প্রশাসক, রংপুর এর অফিস কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট- ক (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভার উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি জেলা পরিসংখ্যান কার্যালয়, রংপুর এর উপপরিচালককে সভার বিষয়বস্তু আলোকপাত করার জন্য অনুরোধ জানান। অতঃপর তিনি সভার আলোচ্য সূচির আলোকে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ট্যাবলেটসমূহ জেলার মাধ্যমিক বিদ্যালয় ও সরকারী মাদ্রাসাসমূহের মেধাক্রম অনুযায়ী নবম ও দশম শ্রেণীর ৩ (তিন) জন করে প্রতিটি বিদ্যালয়ের মোট ৬ জন ছাত্র/ছাত্রীর মাঝে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে বিতরণ বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার ভিত্তিতে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রেরিত গাইডলাইনে বর্ণিত নীতিমালা অনুসরণ পূর্বক বিদ্যালয় বাছাইসম্পন্ন করতে হবে। অতঃপর বাছাইকৃত বিদ্যালয় হতে ৯ম ও ১০ম শ্রেণীর মেধাক্রম অনুযায়ী প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নকৃত ৩ জন করে মোট ৬ জন ছাত্র/ছাত্রী বাছাই সম্পন্ন করা।	বিদ্যালয় ও ছাত্র-ছাত্রী বাছাইপূর্বক Integrated Census Management System(ICMS) এ দ্রুততম সময়ের মধ্যে এন্ট্রি সম্পন্ন করতে হবে।	জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ট্যাবলেট বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটি।
২। ট্যাবলেট বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটি কর্তৃক বাছাইকৃত তালিকা অনুযায়ী ছাত্র/ছাত্রীদের মধ্যে ট্যাবলেট বিতরণ সম্পন্ন করা।	জেলা পরিসংখ্যান কার্যালয়, রংপুর হতে উপজেলা কমিটি স্ব স্ব উপজেলার তালিকা অনুযায়ী নির্ধারিত সংখ্যক ট্যাবলেট সংগ্রহপূর্বক ২৫ মার্চ ২০২৩খ্রি. তারিখের মধ্যে ট্যাবলেট বিতরণ নিশ্চিত করতে হবে। রংপুর সদর উপজেলার ক্ষেত্রে ট্যাবলেট বিতরণের উদ্বোধনী অনুষ্ঠান জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে করতে হবে।	জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ট্যাবলেট বিতরণ সংক্রান্ত জেলা ও উপজেলা কমিটি।
৩। ট্যাবলেট বিতরণের প্রাপ্তিস্বীকার ও প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র গ্রহণপূর্বক জেলা কমিটিতে প্রেরণ।	ট্যাবলেট বিতরণ নিশ্চিত করে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র ও প্রাপ্তিস্বীকার প্রেরণ নিশ্চিত করতে হবে।	জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ট্যাবলেট বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটি।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


ড. চিত্রলেখা নাজনীন
জেলা প্রশাসক
ও
সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ট্যাব বিতরণ সংক্রান্ত
জেলা কমিটি, রংপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান কার্যালয়
রংপুর

নং-৫২.০১.৮৫০০.০০০.৯৯.০০১.২৩- ০৬৩

তারিখঃ ২৫ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
১৩ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
- ০২। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গ্রহগণনা ২০২১ প্রকল্প, বিবিএস, ঢাকা
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
- ০৪। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, রংপুর
- ০৫। প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রংপুর
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), রংপুর
- ০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস,(সকল), রংপুর
- ০৮। পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়,(সকল), রংপুর
- ০৯। অফিস কপি।


10.03.2023

মোঃ আরিফুল ইসলাম
যুগ্মপরিচালক

ও

উপপরিচালক(অ:দা:)
জেলা পরিসংখ্যান কার্যালয়
রংপুর

ফোন: ০২৫৮৯৯৬২৩৬২